



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/ সাব এজেন্ট নেই।

স্বল্প খরচে সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

নং- ৪৯.০২.০০০০.০৪. ১২.০০১/১২১৬

তারিখ: ০৬.০৪.২০২৬ খ্রিস্টাব্দ

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডান এর **GALAXY APPAREL Company**- এর অধীনে নিম্নবর্ণিত পদে শুধু দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে :

ক্র নং	পদেরনাম	সংখ্যা	মাসিক মূল বেতন
০১	মহিলা মেশিন অপারেটর (Female Machine Operator)	১১১ জন	১৩০ জেডি

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ২০-৩৬ এর মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভার টাইম (স্বেচ্ছাধীন)।
- (২) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়ন যোগ্য)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমানভাড়া নিয়োগকর্তা বহন করবে।

(৫) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

(৬) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।

বোয়েসেলের সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত মহিলা মেশিন অপারেটরদের মেডিক্যাল ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা, ফিঙ্গার প্রিন্ট বাবদ ২২০/- (দুইশত বিশ) টাকা। উল্লিখিত পরিমাণ ব্যতিত অন্য কোথাও কোন প্রকার অতিরিক্ত খরচের প্রয়োজন নেই।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদা কালো ফটোকপি (৩) বর্তমান অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড (৪) শিক্ষাগত /অভিজ্ঞতার সনদ (যদি থাকে)। আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ আগামী ১০ এপ্রিল ২০২৬ শুক্রবার সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দারুস সালাম রোড, মিরপুর, ঢাকা এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যে- কোনো তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫ ও ০২-৪৮৩১৭৫১৫ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাস বন্ধু কল সেন্টার এর ১৬১৩৫ নাম্বারে যোগাযোগ করা যেতে পারে।

অনলাইন আবেদনের লিংক: <https://brms.boesl.gov.bd/>

অনলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে আবেদন ফি বাবদ ১০০/- (একশত টাকা) চার্জ পরিশোধ করতে হবে।

বি.দ্র. : অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

বোয়েসেল-এর কোন এজেন্ট বা সাবএজেন্ট নেই।

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

উল্লিখিতভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন প্রকার ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/ চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়।

অফিস ঠিকানা:

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইফটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নু-এমং মারমা মস
উপ-মহাব্যবস্থাপক (বে.নি.)
বোয়েসেল, ঢাকা।

ISO 9001:2015



যোগাযোগ নম্বর:

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd